বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৯৮৩/২০১১/১৯১ তারিখঃ জানুয়ারি ৩১, ২০২২ ইং

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখের জুলাই ১৪, ২০১০ অনুযায়ী, স্পনসর শেয়ার হোল্ডার/ডিরেক্টর/প্লেসমেন্ট হোল্ডারের ক্রয়/বিক্রয় আদেশ অপরিবর্তনীয় হিসাবে বিবেচিত হয়। তাই তাদের অবশ্যই ঘোষণা অনুযায়ী ক্রয়/বিক্রয় বা স্থানান্তর সম্পাদন করতে হবে;

যেহেতু, কমিশনের এসআরএমআইসি বিভাগ পর্যবেক্ষণ করেছে যে Alliance Holdings Limited ২৮ অক্টোবর, ২০১০ তারিখে Summit Alliance Port Ltd. (SAPORTL) এর ২০,৩২,৫৯০টি শেয়ার বিক্রি করার ঘোষণা দিয়েছে। কিন্তু Alliance Holdings Limited ৩১ অক্টোবর, ২০১০ এর মধ্যে SAPORTL –এর ৮,৩৬,৯০০টি শেয়ার বিক্রি করেছে এবং ১১,৯৫,৬৯০টি শেয়ার অবিক্রীত রয়ে গেছে;

Alliance Holdings Limited পুনরায় ২৪ এপ্রিল, ২০১১ তারিখে SAPORTL –এর ১১,৯৫,৬৯০টি শেয়ার বিক্রি করার ঘোষণা দেয়। কিন্তু এটি ০৬ জুন, ২০১১ মধ্যে SAPORTL –এর ৩,৯৮,৬০০টি শেয়ার বিক্রি করে এবং ৭,৯৭,০৯০টি শেয়ার অবিক্রিত থেকে যায়।

**Contravention:** Alliance Holdings Limited violated SEC's Notification No. SEC/CMRRCD/2009193/49/Admin/03-48 dated July 14, 2010 by not executing the full volume of sale as per declaration.

যেহেতু, Alliance Holdings Limited কর্তৃক উপরোক্ত ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ০১ ডিসেম্বর ২০১১ইং তারিখের নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৯৮৩/২০১১/৭৩৩ নম্বর স্মারকমূলে কারণ প্রদর্শনসহ ১৪ ডিসেম্বর ২০১১ইং তারিখে শুনানীতে উপস্থিত হতে বলা হয়। শুনানীতে উপস্থিত হয়ে কোম্পানীর পক্ষে Ms. Noorjahan Akther (on behalf) নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

"As per your letter ref: SEC/Enforcement/983/2011/733 dated: December 1, 2011 this is to kindly inform you that Alliance Holdings Limited, one of the Sponsor Shareholders of Summit Alliance Port Ltd. (SAPORTL), earlier reported our intention to sell 20,32,590 shares of SAPORTL to SEC/DSE on 28.10.2010 & up to 31.10.2010 only 8,36,900 shares could be sold. From 01.11.2010, due to regulatory bar, we suspended further sale in pursuance of SEC Ordinance, 1995 - Section 4 & Sub-section (2), dated 23th March 2010 and the matter was reported to you at 26.12.2010.

Once the regulatory bar was lifted we reported our intention to sell remaining 11,95,690 shares of SAPORTL to SEC/DSE on 24.04.2011 through our brokerage House and up to 03.05.2011 (Eight working days) we have sold only 3,98,600 shares. During this period we have closely observed the effect of our selling, along with the overall massive stock market downturn, was leading to the fall in share prices of SAPORTL.

Being the single largest sponsor shareholder of SAPORTL we feel in order to fulfill our duty to our fellow shareholders, especially the general public investors, we decided to stop our selling in order to help prevent further price fall that may be caused from our action.

You are kindly requested to resolve this issue by considering the above mentioned explanation."



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

যেহেতু, কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখ জুলাই ১৪, ২০১০ অনুযায়ী, স্পনসর শেয়ার হোল্ডার/ডিরেক্টর/প্লেসমেন্ট হোল্ডাররে শেয়ারর ঘোষনা দিয়ে ক্রয়/বিক্রয়ে আদেশ অপরিবর্তনীয় হিসাবে বিবেচিত হয়, তাই Alliance Holdings Limited-কে অবশ্যই ঘোষণা অনুযায়ী শেয়ার ক্রয়/বক্রিয় বা স্থানান্তর সম্পাদন করতে হবে। Alliance Holdings Limited, Summit Alliance Port Ltd. (SAPORTL) এর ২০,৩২,৫৯০ সংখ্যক শেয়ার বিক্রয়ের ঘোষনা দিলেও তা বিক্রয়ে ব্যার্থ হয়েছে বিধায় তাদের উপরোক্ত ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Alliance Holdings Limited, কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখ জুলাই ১৪, ২০১০ লংঘন করেছে, যা সিকিউরিটিজ আইনের পরিপন্থী;

যেহেতু, Alliance Holdings Limited এর উপরোক্ত কর্মকান্ড Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য Alliance Holdings Limited কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে-

- Alliance Holdings Limited কে ১.০০ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

০৩/৫/২০২২

মোঃ আবদুল হালিম
কমিশনার

বিতরণ:

১। Alliance Holdings Limited
The Alliance Building
63 Pragati Sarani
Baridhara
Dhaka-1212



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd